

উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কমিটির মার্চ ২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহিন রেজা  
উপজেলা নির্বাহী অফিসার  
বাঘা, রাজশাহী


সভার তারিখ : ১২/০৩/২০১৮ খ্রিঃ সভার সময় : সকাল ১০.৪০ টা  
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা-পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং তাতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়। বাঘাকে মাদকমুক্ত করার বিষয়ে সকলকে বদ্ধপরিকর হতে হবে এবং এ বিষয়ে কাউকে ছাড় দেয়া হবে না মর্মে সভা অবহিত হয়। অতঃপর মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় এবং সেবন সংক্রান্ত তথ্য থাকলে সভায় উপস্থাপনের জন্য সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করা হয়। অফিসার ইন চার্জ, বাঘা জানান পুলিশ বিভাগ মাদকের বিরুদ্ধে যথারীতি প্রতিরোধ মূলক ব্যবস্থা গড়ে তুলতে চেষ্টা অব্যাহত আছে।


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অফিসার ইনচার্জ, বাঘা থানা জানান যে, ঘন ঘন মাদক বিরোধী অভিযান পরিচালনা ও নজরদারী বৃদ্ধি করে মাদকের ব্যবহার নিয়ন্ত্রণ করার কাজ অব্যাহত আছে। মাদকমুক্ত বাঘা গড়ার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।	বাঘা উপজেলার মাদক প্রবণ এলাকায় নিয়মিত মাদক বিরোধী অভিযান পরিচালনাসহ মাদক নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বাঘা থানা এবং উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহীকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ বাঘাথানা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর রাজশাহী
মাদকদ্রব্যের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সাংবাদিক, স্থানীয় গণমান্য ব্যক্তি, এনজিও প্রতিনিধি, শিক্ষক, অভিভাবকদের দৃষ্টি আকর্ষণ করা হয়।	মাদকদ্রব্যের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের নিয়ে মাদক বিরোধী সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ইউপি চেয়ারম্যান ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
মাদক দ্রব্য নিয়ন্ত্রণে শিক্ষক, ছাত্র-ছাত্রী, অভিভাবক, এনজিও প্রতিনিধি ও সচেতন উপজেলা বাসিকে আরো সচেতন ও সহযোগিতার আহবান জানানো হয়।	মাদকদ্রব্য প্রতিরোধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, স্থানীয় এনজিও, সাংবাদিক ও জনপ্রতিনিধিদের সহযোগিতায় মাদক বিরোধী সমাবেশ, র্যালি ও আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, এনজিও, পুলিশ বিভাগ ও স্থানীয় জনপ্রতিনিধি

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোঃ শাহিন রেজা  
উপজেলা নির্বাহী অফিসার  
বাঘা, রাজশাহী

ফোন নং-০৭২৩৩-৫৬০০২(অফিস)

Email:unobagha@mopa.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাঘা, রাজশাহী

স্মারক নং ০৫.৪৩.৮১১০.০১০.১০.০০৫.১৮- ০৯৬

তারিখ : ০৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি রাজশাহী-৬ ও মাননীয় প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। পুলিশ সুপার, রাজশাহী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী।
- ০৫। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ দপ্তর, রাজশাহী।
- ০৬। অফিসার ইনচার্জ, বাঘা থানা।
- ০৭। জনাব .....  
....., বাঘা, রাজশাহী।
- ০৮। অফিস কপি।

(মোঃ শাহিন রেজা)

উপজেলা নির্বাহী অফিসার  
বাঘা, রাজশাহী

ফোন নং-০৭২৩৩-৫৬০০২(অফিস)

Email:unobagha@mopa.gov.bd

উপজেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ কমিটির সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) - পরিশিষ্ট  
"ক"

ক্রমিক নম্বর	নাম, পদবী ও ঠিকানা	মন্তব্য
১)	ভাইস চেয়ারম্যান ও উপদেষ্টা, (প্যানেল চেয়ারম্যান-১) উপজেলা পরিষদ, বাঘা।	উপস্থিত
২)	সহকারী কমিশনার (ভূমি), বাঘা, রাজশাহী।	উপস্থিত
৩)	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘা, রাজশাহী।	অনুপস্থিত
৪)	প্রতিনিধি অফিসার ইনচার্জ, বাঘা থানা, রাজশাহী।	উপস্থিত
৫)	উপজেলা শিক্ষা অফিসার, বাঘা, রাজশাহী।	উপস্থিত
৬)	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা, রাজশাহী।	উপস্থিত
৭)	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘা, রাজশাহী।	উপস্থিত
৮)	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাঘা, রাজশাহী।	উপস্থিত
৯)	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘা, রাজশাহী।	উপস্থিত
১০)	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘা, রাজশাহী।	অনুপস্থিত
১১)	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাঘা, রাজশাহী।	অনুপস্থিত
১২)	উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘা, রাজশাহী।	অনুপস্থিত
১৩)	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাঘা, রাজশাহী।	প্রতিনিধি উপস্থিত
১৪)	কোম্পানী কমান্ডার বিজিবি আলাইপুর ক্যাম্প, বাঘা।	অনুপস্থিত
১৫)	চেয়ারম্যান, বাজুবাঘা ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।	অনুপস্থিত
১৬)	চেয়ারম্যান, গড়গড়ি ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।	উপস্থিত
১৭)	চেয়ারম্যান, পাকুড়িয়া ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।	অনুপস্থিত
১৮)	চেয়ারম্যান, মনিগ্রাম ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।	উপস্থিত
১৯)	চেয়ারম্যান, বাউসা ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।	উপস্থিত
২০)	চেয়ারম্যান, আড়ানী ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।	উপস্থিত
২১)	অধ্যক্ষ, শাহদৌলা ডিগ্রী কলেজ, বাঘা, রাজশাহী।	উপস্থিত
২২)	অধ্যক্ষ, হযরত শাহ আঃ হাঃ দাঃ মন্ড ফাজিল মাদ্রাসা, বাঘা, রাজশাহী।	অনুপস্থিত